# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Bangladesh Water Development Board


মহাপরিচালক এর দপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা
ফোনঃ ৯৫৬৪৬৬৫, ৯৫৫২১৯৪
ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬৪৭৬৩
বাপাউবো. বাংলা

Office of the Director General
WAPDA Building, Motijheel C/A, Dhaka.
Phone : 9564665, 9552194
Fax : 880-2-9564763
dg@bwdb.gov.bd, dg.bwdb.bd@gmail.com
*www.bwdb.gov.bd*


## ২৬ জুন, ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আরএডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

২৬ জুন, ২০১৯ খ্রিঃ তারিখে ওয়াপদা ভবনস্থ (৪র্থ তলায়) বাপাউবোর্ডের সম্মেলন কক্ষে ২০১৮-১৯ অর্থ-বছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের ১৫ জুন, ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা মহাপরিচালক, বাপাউবো এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বোর্ডের অতিরিক্ত মহাপরিচালকগণসহ মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণ এবং বোর্ডের প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন **(পরিশিষ্ট 'ক')**।

**উপস্থাপনাঃ**

সভাপতির অনুমতিক্রমে বাপাউবোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচলক, প্রসেসিং সেকশন আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**২৬ জুন, ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার আলোচনা ও সিদ্ধান্তঃ** আরএডিপি পর্যালোচনা সভায় বোর্ডের অধীনে বাস্তবায়নাধীন ১১১টি প্রকল্পের অগ্রগতি প্রতিবেদনসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | ব্যবস্থা গ্রহণকারী কর্মকর্তা/দপ্তর | সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | বাপাউবো'র পরিকল্পনা-১ পরিদপ্তরের মাধ্যমে IWM কে পরামর্শক নিয়োগ করে দেশব্যাপী বাপাউবো নির্মিত স্লুইস এবং রেগুলেটরের ১টি inventory প্রণয়ন করা হয়েছে। সেখানে স্লুইস ও রেগুলেটরসমূহের বর্তমান অবস্থা সহ বর্তমান প্রেক্ষাপটে সেগুলোর উপযোগিতা এবং প্রয়োজনীয়তা নিরুপন করে প্রযোজ্য ক্ষেত্রে সেগুলোর অপসারণ, মেরামত ও পুনর্বাসনের সুপারিশ করা হয়েছে। বহু আগেই এই সমীক্ষা প্রতিবেদন প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলীর নিকট প্রেরণ করা হলেও অদ্যাবধি উক্ত সমীক্ষার সুপারিশের আলোকে কোন স্লুইস বা রেগুলেটর অপসারণের প্রস্তাব বোর্ডে আসেনি। উল্লেখ্য, নদীর প্রবাহে বাধা প্রদানকারী অপ্রয়োজনীয় স্লুইস এবং রেগুলেটর অপসারণের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। এহেন প্রেক্ষাপটে সভাপতি নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেনঃ<br>(ক) সমীক্ষায় যে সকল স্লুইস ও রেগুলেটর অপসারণের জন্য সুপারিশ করা হয়েছে, তার অপসারণের লক্ষ্যে জোনওয়ারী পূর্ণাঙ্গ প্রস্তাব (করণীয়, কর্ম-পরিকল্পনা, অর্থ চাহিদা প্রভৃতি সহ) আগামী ১৫/০৭/২০১৯ তারিখের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে।<br>(খ) সমীক্ষায় যে সকল স্লুইস ও রেগুলেটর মেরামতের জন্য সুপারিশ করা হয়েছে, তার জন্য জোনওয়ারী পূর্ণাঙ্গ প্রস্তাব (করণীয়, মেরামত ব্যয় প্রভৃতি সহ) আগামী মাসিক এডিপি পর্যালোচনা সভার পূর্বেই বোর্ডে দাখিল করতে হবে। সে সকল প্রস্তাব বিশ্লেষণ করে কেন্দ্রীয় ভাবে সমগ্র বাংলাদেশের জন্য ১টি বা জোনওয়ারী ৯টি ডিপিপি প্রণয়ন করে স্লুইস ও রেগুলেটরসমূহ মেরামত করা হবে।<br>(গ) যে সকল স্লুইস ও রেগুলেটর সমীক্ষায় পুনর্বাসনের জন্য সুপারিশ করা হয়েছে, সেগুলো কোন প্রকল্পের আওতায় পুনর্বাসন করতে হলে No Regret Design অবলম্বনে পুনঃনির্মাণ করতে হবে। | | | |
| ২। | আসন্ন বন্যা মৌসুমে দূর্যোগপূর্ণ পরিস্থিতিতে সম্ভাব্য উদ্ভূত জরুরী আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় সভাপতি নিম্নরূপ নির্দেশনা প্রদান করেনঃ<br>(ক) প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলী এবং প্রত্যেক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী তাদের কর্ম অধিক্ষেত্রভুক্ত নদী তীর বা বাঁধের ঝুকিপূর্ণ স্থানসমূহের সবগুলোই সরেজমিনে পরিদর্শন করবেন এবং সম্ভাব্য ভাঙ্গন ঝুঁকি মোকাবেলায় এখনি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। পরিদর্শনকালীন সময়ে উক্ত এলাকার মাননীয় সংসদ সদস্য মহোদয় এলাকায় অবস্থান করে থাকলে তাঁকে ঐ এলাকায় বাপাউবো'র গৃহীত কার্যক্রম ও বন্যা প্রস্তুতির বিষয়ে অবহিত করতে হবে। প্রয়োজনে বন্যার আগাম প্রস্তুতিতে উর্দ্ধতন কর্মকর্তাদের সাইট পরিদর্শনের খবর অন্ততঃ স্থানীয় দৈনিকে প্রচারের মাধ্যমে হলেও বাপাউবো'র বন্যা প্রস্তুতির বিষয় মিডিয়ার মাধ্যমে দেশবাসীর কাছে উপস্থাপন | | | |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | ব্যবস্থা গ্রহণকারী কর্মকর্তা/দপ্তর | সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | করতে হবে।<br>(খ) নদীর ভেতরে বাপাউবো'র আওতা বহির্ভূত চরাঞ্চলে বন্যা বা নদী ভাঙ্গন দেখা দিলে এবং সে খবর প্রিন্ট, ইলেক্ট্রনিক বা ব্রডকাস্টিং মিডিয়ার মাধ্যমে বাপাউবো'র নেতিবাচক প্রচারের উদ্রেক করলে বাপাউবো'র সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী বা তদুর্দ্ধ কর্মকর্তাবৃন্দ প্রয়োজনে সংবাদ সম্মেলন করে উক্ত চরাঞ্চলে বন্যা বা ভাঙ্গন প্রতিরোধ যে বাপাউবো'র কার্যপরিধির বহির্ভূক্ত তা মিডিয়ার মাধ্যমে জনগণের নিকট সুস্পষ্ট করবেন।<br>(গ) ভাঙ্গন ঝুঁকিপূর্ণ এলাকাসমূহে প্রয়োজনীয় জিওব্যাগ মজুদ এবং দূর্যোগকালীন সময়ে বালির সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>(ঘ) আগামী ১০ দিনের মধ্যে (০৭/০৭/২০১৯ তারিখের মধ্যে) প্রত্যেক জোন হতে ইমার্জেন্সি আইটেমসমূহের জন্য আলাদা রেট শিডিউল প্রস্তাব বোর্ডে আসতে হবে। এ সময়ের মধ্যে ইমার্জেন্সি রেট শিডিউল প্রস্তাব প্রেরণে কোন জোন ব্যর্থ হলে তার জন্য আসন্ন বন্যা মৌসুমে জরুরী কাজ বাস্তবায়নের জন্য ঐ জোনের রেট আর enhance করা হবে না। সে মতে কোন জোন থেকে কাজ বাস্তবায়নে ঠিকাদার না পাওয়ার অজুহাত আর গ্রহণযোগ্য হবে না। | | | |
| ৩। | সভাপতি বাপাউবো'র প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চা, জবাবদিহিতা এবং প্রচারের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করেনঃ<br>(ক) বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল, মুন্সিগঞ্জ এ প্রশিক্ষণার্থীদের চিত্ত বিনোদনের সুবিধার্থে পুকুড়ের পাড় বাঁধাই, অবসরে পুকুরে চালানোর জন্য কয়েকটি প্যাডেল বোট, ব্যাডমিন্টন কোর্ট, টেনিস কোর্ট, টেবিল টেনিসসহ বিবিধ ইনডোর খেলার সুবিধা, অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্বলিত কমন রুম প্রভৃতি সুযোগ সুবিধা নিশ্চিত করতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগক্রমে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।<br>(খ) বাপাউবো'র নবনিযুক্ত সহকারী প্রকৌশলীদের বুনিয়াদি প্রশিক্ষণে সাতার এবং গাড়ি ড্রাইভিং শেখানোর জন্য প্রধান প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।<br>(গ) বাপাউবো'র গাড়ি চালকগণকে ম্যানুয়াল গিয়ার গাড়ি ড্রাইভিং এর পাশাপাশি অত্যাধুনিক প্রযুক্তির অটো গিয়ার গাড়ি ড্রাইভিংয়ে পারদর্শী করার জন্য প্রধান প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন এবং পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর সম্মিলিতভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।<br>(ঘ) প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলী নিজ জোনের কর্মকর্তাদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), তথ্য অধিকার আইন-২০০৯ এবং জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন এবং ওয়ার্কশপ প্রোগ্রামের আয়োজন করবেন। বর্ণিত বিষয়সমূহে প্রশিক্ষণ প্রদান বা বক্তব্য উপস্থাপনের জন্য সদর দপ্তরের কর্মকর্তাদের আমন্ত্রণ জানানোর প্রয়োজন নেই।<br>(ঙ) বাপাউবো'র সকল অচল গাড়ি, মোটরসাইকেল, স্পীডবোট বা জলযান যথাযথ বিধি অনুসরণপূর্বক যথাদ্রুত Condemn ঘোষণা করে নিলাম আহবানের জন্য সকল জোনের প্রধান প্রকৌশলী এখনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(চ) দেশব্যাপী বিস্তৃত নদ-নদীসমূহে নির্মিত ব্রীজসমূহের এপ্রোচে নদীর নাম সম্বলিত বাপাউবো'র সাইনবোর্ড স্থাপন করতে হবে। তন্মধ্যে, আগামী মাসের এডিপি পর্যালোচনা সভার পূর্বেই নরসিংদী এবং মানিকগঞ্জ জেলায় সাইনবোর্ড স্থাপন না করা হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>(ছ) বাপাউবো'র মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাগণের সাইট ভিজিটের তথ্য বহুল প্রচলিত দৈনিক সংবাদপত্রে প্রচারের জন্য কর্মকর্তাগণ সাইট পরিদর্শন শেষে নিজ দায়িত্বে প্রয়োজনীয় তথ্য এবং স্থিরচিত্র জনসংযোগ পরিদপ্তরে প্রেরণ করবেন। | | | |
| ৪। | সভাপতি আরএডিপিভুক্ত বিভিন্ন প্রকল্পের বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করেনঃ<br>(ক) "ঢাকা নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকায় নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (ফেজ-২)" শীর্ষক প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি ১৫/০৭/২০১৯ তারিখের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে।<br>(খ) "নরসিংদী জেলার অন্তর্ভূক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুনঃখনন" শীর্ষক প্রকল্পে টাস্কফোর্সের পোস্ট-ওয়ার্ক পরিমাপের আলোকে সম্পাদিত পুনঃখনন কাজের সুনির্দিষ্ট মাটির পরিমাণ এবং বাদ বাকি পুনঃখনন কাজের মাটির পরিমাণ টাস্কফোর্সের প্রি-ওয়ার্ক পরিমাপ ও ডিজাইন পোস্ট-ওয়ার্ক দ্বারা অতি সত্ত্বর নিরুপণ করে ১ম সংশোধিত ডিপিপি প্রণয়ন করে যথাদ্রুত বোর্ডে | | | |

| ক্রমিক নং | আলোচনা | | সিদ্ধান্ত | ব্যবস্থা গ্রহণকারী কর্মকর্তা/দপ্তর | সময়সীমা |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | | ০৩ | ০৪ | ০৫ |
| | | দাখিল করতে হবে। | | | |
| | (গ) | "নোয়াখালী এলাকায় জলাবদ্ধতা নিরসনকেল্পে বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পে খাল পুনঃখনন কাজের অগ্রগতি বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। একই সাথে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী আগামী ৩-৪ দিনের মধ্যে সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রকল্পের অঙ্গসমূহের যৌক্তিক পরিমাণ নিরূপন করে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি প্রণয়ন করবেন। | | | |
| | (ঘ) | অর্পিত ক্রয়কাজ প্রক্রিয়ায় বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়াধীন প্রকল্পসমূহ বাপাউবো'র অনুমোদিত ডিপিপিভুক্ত পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে এবং বাংলাদেশ সেনাবাহিনীর কাছ থেকে কারিগরী সহায়তা গ্রহণ করে প্রকল্পের পরিকল্পনায় পরিবর্তন আনা যাবে না। | | | |
| | (ঙ) | "কক্সবাজার জেলায় বাংলাদেশ-মায়ানমার সীমান্ত নিরাপত্তা উন্নত করার জন্য উখিয়া ও টেকনাফ উপজেলায় নাফ নদী বরাবর পোল্ডারসূহ (৬৭এ, ৬৭, ৬৭বি এবং ৬৮)" শীর্ষক প্রকল্পে ভৌত কাজ আরম্ভের পর থেকে দৈনন্দিন কাজ বাস্তাবায়নের যে সকল প্রতিবন্ধকতা দেখা দিয়েছে এবং তার উত্তরণে গৃহীত পদক্ষেপের তথ্য সম্বলিত ১টি timeline প্রতিবেদন মন্ত্রণালয়ের পরবর্তী মাসিক আরএডিপি পর্যালোচনা সভার পূর্বেই প্রস্তুত করে বোর্ডে দাখিল করতে হবে। | | | |
| | (চ) | "চট্টগ্রাম জেলার লোহাগড়া ও সাতকানিয়া উপজেলায় সাঙ্গু ও ডলু নদীর তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পে যে ৫টি প্যাকেজে কাজ আরম্ভ না করায় সংশ্লিষ্ট ঠিকাদারদের চুক্তি বাতিলের ২৮ দিনের চূড়ান্ত নোটিশ প্রদান করা হয়েছে, মন্ত্রণালয়ের পূর্ববর্তী আরএডিপি সভার সিদ্ধান্তের আলোকে ২৮দিন অতিবাহিত হলে চুক্তিসমূহ বাতিল করে পুনঃদরপত্র আহবান করতে হবে। | | | |
| | (ছ) | অসন্তোষজনক বাস্তবায়ন অগ্রগতির জন্য যে সকল প্যাকেজের চুক্তি বাতিল করা হবে, চুক্তি বাতিলের সাথে সংশ্লিষ্ট ঠিকাদারকে বাপাউবো'র কাজের দরপত্রে অংশগ্রহণের জন্য পরবর্তী ১-২ বছরের জন্য Debar করতে হবে। | | | |
| | (জ) | ২০১৯-২০ অর্থ-বছরের এডিপিভূক্ত প্রকল্পসমুহের দরপত্র কার্যক্রমের অগ্রগতি ও দরপত্র কর্ম-পরিকল্পনা প্রতিবেদন প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলী/বৈদেশিক ঋণ সহায়তা ও বিশেষ প্রকল্পের প্রকল্প পরিচালকগণ আগামী ৩ (তিন) দিনের মধ্যে মহাপরিচালক বরাবর দাখিল করবেন। | | | |

৫। **অর্থ অবমুক্তি ও ব্যয়ঃ**

সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক, প্রসেসিং সেকশন অবহিত করেন যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আরএডিপিভুক্ত বাস্তবায়নাধীন ১১১টি প্রকল্পের জন্য মোট ৫৯৭২.৭৬ কোটি টাকা বরাদ্দের অনুকূলে- ১৫ জুন, ২০১৯ পর্যন্ত ৫৪৯৫.৪৬ কোটি (বরাদ্দের ৯২.০১%) টাকা অবমুক্ত হয়েছে এবং ৪২৩৭.৮৪ কোটি (বরাদ্দের ৭০.৯৫%) টাকা ব্যয় হয়েছে। মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য মতে, আরো ১১৩৪.০৫ কোটি টাকা (বরাদ্দের ১৮.৯৯%) সম্পাদিত কাজ/জমি অধিগ্রহণ/অর্পিত ক্রয়কাজ বাবদ বিল পরিশোধের জন্য প্রক্রিয়াধীন আছে।

৬। **সার্বিক অগ্রগতিঃ**

২০১৮-১৯ অর্থ-বছরে ১৫ জুন, ২০১৯ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আরএডিপিভুক্ত বাস্তবায়নাধীন ১১১টি প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি যথাক্রমে ৯০.০৯% এবং ৭০.৯৫%। বিগত বছরের ৩০ জুন পর্যন্ত বাস্তব ও আর্থিক অগ্রগতি ছিল যথাক্রমে ৯৫.২৬% ও ৯১.৯০%।

২০১৮-১৯ অর্থ-বছরে আরএডিপি-তে প্রাপ্ত বরাদ্দ ২ বার উপযোজন করে প্রকল্পসমূহে যথাসম্ভব চাহিদামাফিক প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা হয়েছে। তারপরেও যে সকল প্রকল্পে প্রাপ্ত বরাদ্দ যৌক্তিক কারণ ব্যাতীত অব্যয়িত রয়ে যাবে, তাদের কাছ থেকে এতদবিষয়ে ব্যাখ্যা তলব করা হবে মর্মে সভাপতি সকলকে সতর্ক করে দেন। প্রাপ্ত বরাদ্দ কাজ সম্পাদনের মাধ্যমে বিল পরিশোধ করে সমুদয় খরচ করতঃ বাপাউবো'র বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন হার যথাসম্ভব বৃদ্ধি করার জন্য সভাপতি কঠোর নির্দেশনা প্রদান করেন।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৬/২০১৯

(মোঃ মাহফুজুর রহমান)
মহাপরিচালক

স্মারক নং: পিএস/এম-২/ ২০৭ তারিখঃ ০৯ - ০৭-২০১৯ খ্রিঃ

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):ঃ

(ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডঃ

১-৫। অতিরিক্ত মহাপরিচালক, (পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ) বাপাউবো, ঢাকা।
৬-৮। প্রধান মনিটরিং / প্রধান পরিকল্পনা/ প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
৯-২০। প্রধান প্রকৌশলী, নকশা/ পওর/ পানি বিজ্ঞান/ কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল/ দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/ খুলনা/ ফরিদপুর/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিলস্না/ রাজশাহী/ রংপুর/ বরিশাল।
২১-২৩। অতিঃ প্রধান প্রকৌশলী, এমই/ ড্রেজার / ভাগ্যকুল প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাপাউবো, ঢাকা/ নারায়ণগঞ্জ/ মুন্সিগঞ্জ।
২৪-২৫। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/ প্রধান, পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
২৬। সচিব, বাপাউবো, ঢাকা।
২৭-৩৬। প্রকল্প পরিচালক, সিডিএসপি-৪/ সাউথ ওয়েষ্ট-২/ ড্রেজার ক্রয়/ ইসিআরআরপি/ সিইআইপি-১/ এফআরইআরএমআইপি/ ইমিপ/ হাওর ফ্ল্যাড ম্যানেজমেন্ট এন্ড লাইভলিহুড ইম্প্রুভমেন্ট/ হাইড্রোলজিক্যাল ইনফরমেশন এন্ড আর্লি ওয়ার্নিং/ সীমান্ত নদী, বাপাউবো, ঢাকা।
৩৭-৫৪। পরিচালক, পরিকল্পনা- ১ / ২/ ৩ / কার্যক্রম/ পওর/ কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল/ভূমি ও রাজস্ব/ কর্মচারী উন্নয়ন/ প্রশিক্ষণ/ অর্থ/ হিসাব রক্ষণ/ অডিট/ কর্মচারী পরিদপ্তর/ জনসংযোগ/ প্রকল্প মূল্যায়ন/ সম্পত্তি ও যানবাহন/ শৃঙ্খলা/ কল্যাণ, বাপাউবো, ঢাকা।
৫৬-৬২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কাবিখা মনিটরিং সার্কেল/ নকশা সর্কেল-১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬, বাপাউবো, ঢাকা।
৬৩। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

(খ) পানি সম্পদ মন্ত্রণালয়ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯/৭/১৯

তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালক
প্রসেসিং সেকশন
বাপাউবো, ঢাকা।